

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কমিশনারের কার্যালয়  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা  
প্লট# ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬।

নথি নং-২-২(৫৪)/ইটি/ব্যক্তিগত/সদর/২০১৩ /১০৬৫৭

তারিখঃ...২৭/০৭/২০১৭ খ্রিস্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ মামুন শেখ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর অধিক্ষেত্রাধীন মানিকগঞ্জ বিভাগীয় দপ্তরে পদস্থ থেকে বিভাগীয় দপ্তরের দায়িত্বপালন না করে গত ১৬/০৭/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে সদর দপ্তরের একটি নথি নিয়ে জাতীয় রাজস্ব বোর্ডে উপস্থিত হন।

এবং

০২। যেহেতু আপনি বিভাগীয় দপ্তরের দায়িত্ব পালন না করে, ১৭/০৭/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে অনুমোদনবিহীনভাবে সদর দপ্তরে আসেন এবং আপনার এহেন কর্মকান্ডে বিভাগীয় দপ্তরের কাজকর্মে সমূহ ব্যাঘাত ঘটছে। আপনার সদর দপ্তরের নথি নিয়ে জাতীয় রাজস্ব বোর্ডে গমন এবং ১৭/০৭/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে অনুমোদনবিহীনভাবে সদর দপ্তরে আগমন সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) অনুযায়ী "অসদাচরণ" যা একই বিধিমালার বিধি-৪ মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।

০৪। সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর উপ-বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" হিসেবে গণ্য এবং একই বিধিমালার বিধি-৪ এর আওতায় আপনার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার লিখিত জবাব এ পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্দিষ্ট সময়ের মধ্যে জবাব প্রদানে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে আত্মপক্ষ সমর্থনে আপনার কোন বক্তব্য নেই এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ ক্ষেত্রে মামলার গুনাগুনের ভিত্তিতে একতরফাভাবে মামলাটি নিষ্পন্ন করা হবে। আপনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করতে আপনাকে নির্দেশ দেয়া যাচ্ছে।

০৪। সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(১) (এ) মোতাবেক অভিযোগ বিবরণীর একটি কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

১৭/০৭/২০১৭

(ড. মোঃ সহিদুল ইসলাম)

কমিশনার

ফোনঃ ৯০২৫০৬০

ফ্যাক্স: ৯০৩০৩৩৩

email:dhakawestcomm@yahoo.com



✓ প্রাপকঃ জনাব মোঃ মামুন শেখ  
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মানিকগঞ্জ।